গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

...

| | | |
|---|---|---|
| সভাপতি | মো: জিয়াউল হক<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ |
| সভার তারিখ | ২১/০৯/২০২২ খ্রি |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | জুম অ্যাপের মাধ্যমে অনলাইনে অনুষ্ঠিত |
| উপস্থিতি | ... |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে এই সভায় উপস্থিত প্রধান অতিথি, বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী, জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, মহোদয় উপস্থিত সকল কর্মকর্তা এবং অনলাইনে যুক্ত আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। সভাপতি জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। সভাপতি আওতাধীন অফিসের সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরমেটে ৮ কলামে প্রস্তুতপূর্বক সেবাসমুহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহন, ওয়েবসাইট হালনাগাদকরণ এবং প্রতিটি কাজ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করে সূচকের প্রমাণকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন।

এরপর সভায় আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতির ক্রুটিসমূহ তুলে ধরা হয়। এ বিষয়ে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ:** আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা যায় যে, এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবা বক্স পরিবীক্ষণ করে দেখা যায় যে, সেবাসমূহকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা** ও **অভ্যন্তরীণ সেবা** হিসেবে তিন ভাগে প্রস্তুত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে প্রস্তুত করা হয়নি। অধিকাংশ জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েব পোর্টালে শাখাভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতিকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** হিসেবে তিন ভাগে প্রস্তুত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েব সাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করা প্রয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** হিসেবে শ্রেণীবিন্যাস করে ৮ কলামের নির্ধারিত ফরমেটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েব সাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন :** সভায় বিভাগীয় কমিশনার কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভূক্ত রয়েছে। সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে।<br>পরিবীক্ষণে, নাটোর ও বগুড়া জেলা ব্যতীত অন্যান্য জেলা প্রশাসকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির তথ্য ওয়েবসাইটে পাওয়া যায়নি। উল্লেখ্য, বগুড়া জেলার পরিবীক্ষণ কমিটি সর্বশেষ গত ২৭/০৯/২০২১ তারিখে গঠন করা হয়। এরপর এটি আর হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়নি। সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে পূনর্গঠন ও নিয়মিত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের অনুরোধ করেন। | ০১। প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ে সেবা প্রদান সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে আগামী ১৫(পনের) দিনের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>২। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা করতে হবে।<br><br>৩। পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন নিয়মিত এ কার্যালয় প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ |
| ০৩. | **সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ :** আওতাধীন অফিসের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ বিষয়ে সভায় আলোচনা হয়। জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণে দেখা যায় যে,<br>১) জয়পুরহাট জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড রয়েছে। কিন্তু অফিস আদেশ আপলোড নেই।<br>২) নাটোর জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে এ সংক্রান্ত অফিস আদেশ আপলোড রয়েছে। কিন্তু ছবিসহ তথ্য আপলোড নেই।<br>৩) পাবনা জেলার ওয়েবসাইটে শুধুমাত্র একজন কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড আছে। কিন্তু তিনি ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাকি বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা তা উল্লেখ নেই। এ সংক্রান্ত কোন ধরনের অফিস আদেশ আপলোড নেই।<br>৪) বগুড়া জেলার ওয়েবসাইটে শুধুমাত্র ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড রয়েছে। কিন্তু বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য এবং অফিস আদেশ সংযুক্ত নেই।<br>রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ ও সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ আদেশ আপলোড নেই।<br>সভাপতি, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোডের অনুরোধ করেন। | প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ আদেশ নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: জিয়াউল হক
অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২২.১০২৭ তারিখ: ৭ আশ্বিন ১৪২৯

২২ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

৩) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব/সিনিয়র সহকারী কমিশনার (মাঠ প্রশাসন/সাধারণ/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়।

মো: জিয়াউল হক
অতিরিক্ত বিভাগীয় কমিশনার